**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৭২

তারিখ : ৩০ চৈত্র ১৪৩১ / ১৩ এপ্রিল ২০২৫

**বিষয় : ২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদ্‌যাপন।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ এর গত ২৯/০১/১৩ তারিখের ০৪.০০.০০০০.৩১১.০৬.১০৩.১৩.৯৭(৩) নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত স্মারকমূলে ২৮ এপ্রিল তারিখ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' ঘোষণা করেছে। এ প্রেক্ষিতে সারাদেশে আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ জাতীয় আইনগত সহায়তা দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত আইন ও বিচার বিভাগের পক্ষ হতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ বছর **২৮ এপ্রিল** জাতীয় আইনগত সহায়তা দিবস এর প্রতিপাদ্য হলো :

**"দ্বন্দে কোনো আনন্দ নাই, আপস করো ভাই**
**লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই।"**

**লিগ্যাল এইড হেল্পলাইন ১৬৪৩০**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

২। এমতাবস্থায়, দরিদ্র, নিঃস্ব ও সুবিধা বঞ্চিত মানুষের আইনগত অধিকার প্রতিষ্ঠায় জেলা, উপজেলা ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় সংযুক্ত কার্যসূচী অনুযায়ী দিবসটি উদ্‌যাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : ০১(এক) ফর্দ।**

১৩/০৪/২৫
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫৭৪২
section5@lawjusticediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | | |
|---|---|---|
| ১. | জেলা ও দায়রা জজ (সকল)---------- | (জেলা প্রশাসনের সাথে যৌথ উদ্যোগে দিবসটি পালনের অনুরোধসহ)। |
| ২. | বিভাগীয় কমিশনার (সকল)----------- | (তাঁর অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে অবহিত করার অনুরোধসহ)। |
| ৩. | পুলিশ কমিশনার (সকল)-------------- | (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সার্বিক সহায়তা প্রদান ও তাঁর অধীনস্থ অফিসসমূহকে অবহিত করার অনুরোধসহ)। |
| ৪. | জেলা প্রশাসক (সকল)---------------- | (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সার্বিক সহায়তা প্রদান ও তাঁর অধীনস্থ অফিসসমূহকে অবহিত করার অনুরোধসহ)। |
| ৫. | পুলিশ সুপার (সকল)----------------- | (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সার্বিক সহায়তা প্রদান ও তাঁর অধীনস্থ অফিসসমূহকে অবহিত করার অনুরোধসহ)। |
| ৬. | উপজেলা নির্বাহী অফিসার (সকল)----- | (উপজেলা লিগ্যাল এইড কমিটি ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি কর্তৃক দিবসটি উদ্‌যাপন বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধসহ)। |
| ৭. | কারা পরিদর্শক (সকল)-------------- | (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)। |

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৫। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রে প্রচারের অনুরোধসহ)।

৭। যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৯। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১১। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। যুগ্মসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

১৪। উপসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

১৫। অফিস কপি।

| কর্মসূচী | বাস্তবায়নকারী | যাদেরকে সম্পৃক্ত করা দরকার |
|---|---|---|
| র‍্যালি আয়োজন | ১। জেলা লিগ্যাল এইড কমিটি<br>২। উপজেলা লিগ্যাল এইড কমিটি<br>৩। চৌকি আদালত লিগ্যাল এইড বিশেষ কমিটি<br>৪। ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি | জেলা প্রশাসন, পুলিশ সুপারের কার্যালয় , জেলা আইনজীবী সমিতি, আইন ও মানবাধিকার বিষয়ক সংগঠন, এনজিও, সংশ্লিষ্ট থানা, আইন বিভাগ এর শিক্ষক/ শিক্ষার্থীগণের উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে। |
| দিবসের তাৎপর্য সম্পর্কে আলোচনা সভা, সেমিনার | ১। জেলা লিগ্যাল এইড কমিটি<br>২। উপজেলা লিগ্যাল এইড কমিটি<br>৩। চৌকি আদালত লিগ্যাল এইড বিশেষ কমিটি<br>৪। ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি | আলোচনা সভায় স্থানীয় লিগ্যাল এইডের মামলার ক্লায়েন্টগণ, আইন ও মানবাধিকার বিষয়ক সংগঠন, এনজিও, সংশ্লিষ্ট থানা, আইন বিভাগ এর শিক্ষক, শিক্ষার্থী, জেলা প্রশাসন,পুলিশ সুপারের কার্যালয় সহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে। |
| লিগ্যাল এইড প্রচারণামূলক সামগ্রী বিতরণ বা পোস্টারিং | ১। জেলা লিগ্যাল এইড কমিটি<br>২। উপজেলা লিগ্যাল এইড কমিটি<br>৩। চৌকি আদালত লিগ্যাল এইড বিশেষ কমিটি<br>৪। ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি | ১। সংস্থা কর্তৃক প্রেরিত অথবা জেলা লিগ্যাল এইড অফিস কর্তৃক মুদ্রণকৃত (লিফলেট,স্টিকার ইত্যাদি) |
| লিগ্যাল এইড প্রচারণামূলক মাইকিং কার্যক্রম | ১। জেলা লিগ্যাল এইড কমিটি | ১। জেলা তথ্য অফিস।<br>২। উপজেলা তথ্য অফিস। |
| সেরা প্যানেল আইনজীবী পুরস্কার | ১। জেলা লিগ্যাল এইড কমিটি | ১। জেলা লিগ্যাল এইড অফিসার। |
| ডকুমেন্টারি প্রদর্শন (সংস্থা কর্তৃক প্রেরিত) | ১। জেলা লিগ্যাল এইড কমিটি<br>২। উপজেলা লিগ্যাল এইড কমিটি<br>৩। চৌকি আদালত লিগ্যাল এইড বিশেষ কমিটি<br>৪। ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি | ১। সংস্থা কর্তৃক প্রেরিত।<br>২। জেলা তথ্য অফিস। |